



মোঃ আবদুর রহমান খান এফসিএমএ

সচিব

আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়।

জনাব মোঃ আবদুর রহমান খান এফসিএমএ ১৯ মে ২০২৪ তারিখে অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগের সচিব হিসেবে যোগদান করেন। তিনি লক্ষ্মীপুর জেলার এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন। তার পিতা জনাব নুরের রহমান খান এবং মাতা সালেহা খানম। তিনি চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় থেকে একাউন্টিং বিষয়ে স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রি অর্জন করেন এবং যুক্তরাজ্যের আলস্টার বিশ্ববিদ্যালয় থেকে গভর্নেন্ট ফাইন্যান্সিয়াল ম্যানেজমেন্ট বিষয়ে পোস্ট গ্রাজুয়েশন সার্টিফিকেট কোর্স, পোস্ট গ্রাজুয়েশন ডিপ্লোমা ও মাস্টার্স ডিগ্রি লাভ করেন। এছাড়াও তিনি লন্ডন বিশ্ববিদ্যালয়ের স্কুল অব ওরিয়েন্টাল এন্ড আফ্রিকান স্টাডিজ (SOAS) থেকে পাবলিক ফাইন্যান্সিয়াল ম্যানেজমেন্ট: ইন্টারন্যাশনাল পাবলিক সেক্টর অ্যাকাউন্টিং স্ট্যান্ডার্ড (IPSAS) শীর্ষক মাস্টার্স পর্যায়ে শর্ট কোর্স সম্পন্ন করেন।

বিসিএস ১৩-তম ব্যাচের এই কর্মকর্তা ১৯৯৪ সালের ২৫ এপ্রিল বাংলাদেশ সিভিল সার্ভিস (কর) ক্যাডারে যোগদান করেন এবং মাঠ পর্যায়ের কর প্রশাসনের বিভিন্ন স্তরে কাজ করার অভিজ্ঞতা অর্জন করেন। তিনি সহকারী কমিশনার (কর), উপ-কমিশনার (কর), যুগ্ম কমিশনার (কর), কর পরিদর্শন পরিদপ্তরের উপ-মহাপরিচালক, বিসিএস কর একাডেমির পরিচালক ও জাতীয় রাজস্ব বোর্ডের প্রথম সচিব পদে নিয়োজিত ছিলেন। তিনি সরকারের উপসচিব হিসেবে অভ্যন্তরীণ সম্পদ বিভাগে এবং উপসচিব, যুগ্মসচিব ও অতিরিক্ত সচিব হিসেবে অর্থ বিভাগে দায়িত্ব পালন করেছেন। অর্থ বিভাগে কর্মরত থাকাকালীন তিনি বাজেট, বাস্তবায়ন, প্রশাসন এবং ট্রেজারি ও ঋণ ব্যবস্থাপনা বিভাগের গুরুত্বপূর্ণ দায়িত্ব পালন করেছেন। তিনি বাজেট বাস্তবায়নে তার মেধা ও প্রতিভাকে কাজে লাগিয়ে বাংলাদেশের আর্থিক খাতে সংস্কার আনয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছেন। এছাড়া সিভিল সার্ভিসের গন্ডির বাহিরে তিনি জাতিসংঘের ইন্টারন্যাশনাল অ্যাডভাইজার এবং পূর্ব তিমুরে বিশ্বব্যাংকের কনসালটেন্ট হিসেবে পেট্রোলিয়াম ট্যাক্স নিয়ে কাজ করেছেন।

একজন পেশাদার অ্যাকাউন্ট্যান্ট হিসেবে জনাব মোঃ আবদুর রহমান খান এফসিএমএ ইনস্টিটিউট অব কস্ট এন্ড ম্যানেজমেন্ট অ্যাকাউন্ট্যান্টস অব বাংলাদেশ (ICMAB) এর কাউন্সিল সদস্য, কোষাধ্যক্ষ, সচিব ও প্রেসিডেন্ট হিসেবে দীর্ঘদিন দায়িত্ব পালন করেছেন। তিনি পেশাদার অ্যাকাউন্ট্যান্টদের বিভিন্ন আঞ্চলিক ও আন্তর্জাতিক সংগঠনের গুরুত্বপূর্ণ পদে দায়িত্বে নিয়োজিত ছিলেন। বর্তমানে তিনি সাউথ এশিয়ান ফেডারেশন অব অ্যাকাউন্ট্যান্টস (SAFA) এর নন-প্রফিট অর্গানাইজেশন এন্ড কো-অপারেটিভ কমিটির চেয়ারম্যান এবং কনফেডারেশন অব এশিয়া এন্ড প্যাসিফিক অ্যাকাউন্ট্যান্টস (CAPA) এর পাবলিক সেক্টর অ্যাডভাইজারি গ্রুপ এর চেয়ারম্যান হিসেবে অত্যন্ত মর্যাদাপূর্ণ দায়িত্ব পালন করছেন। এছাড়া তিনি এশিয়াটিক সোসাইটি অব বাংলাদেশের আজীবন সদস্য।

জনাব মোঃ আবদুর রহমান খান এফসিএমএ দেশে-বিদেশে অনেক খ্যাতনামা প্রতিষ্ঠান ও বিশ্ববিদ্যালয়ে বিভিন্ন মেয়াদে প্রশিক্ষণ গ্রহণ করেন। তিনি আইএমএফ সিঙ্গাপুর রিজিওনাল ট্রেনিং ইনস্টিটিউট (এসটিআই), অস্ট্রেলিয়ার দ্যা ল' স্কুল অব ওয়েস্টার্ন সিডনি ইউনিভার্সিটি, ন্যাশনাল ট্যাক্স কলেজ অব জাপান, অস্ট্রেলিয়ার ম্যাককুয়ারি বিশ্ববিদ্যালয় এবং মার্কিন যুক্তরাষ্ট্রের আলাবামা বিশ্ববিদ্যালয় থেকে পাবলিক ফাইন্যান্সিয়াল ম্যানেজমেন্ট, পাবলিক পলিসি ও অ্যাডমিনিস্ট্রেশন, ট্যাক্স পলিসি ইত্যাদি বিষয়ে প্রশিক্ষণ গ্রহণ করেন। তিনি আন্তর্জাতিক পরিমন্ডলে আয়োজিত বিভিন্ন সভা, সেমিনার, কর্মশালা, সিম্পোজিয়াম ও কনফারেন্সে অংশগ্রহণের জন্য অস্ট্রেলিয়া, বেলজিয়াম, চীন, পূর্ব তিমুর, ফ্রান্স, ভারত, ইন্দোনেশিয়া, আয়ারল্যান্ড, জাপান, মালয়েশিয়া, মালদ্বীপ, মোজাম্বিক, নেপাল, ফিলিপাইন, রাশিয়া, সিঙ্গাপুর, শ্রীলঙ্কা, থাইল্যান্ড, সংযুক্ত আরব আমিরাত, যুক্তরাজ্য, মার্কিন যুক্তরাষ্ট্র এবং ভিয়েতনাম ভ্রমণ করেছেন।

ব্যক্তিগত জীবনে তিনি বিবাহিত এবং দুই সন্তানের গর্বিত পিতা।